Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

UPDATED
2nd
EDITION

Live MCQ™

# বিসিএস
# প্রিলিমিনারি
# জব সল্যুশন
## (বিষয়ভিত্তিক)

১০ম-৫০তম বিসিএস প্রিলিমিনারি প্রশ্নসমূহের
টপিকভিত্তিক ব্যাখ্যাসহ সমাধান




৫০তম বিসিএস প্রিলিমিনারি ও ৪৭তম বিসিএস লিখিত প্রশ্ন সংবলিত

QR কোড স্ক্যানে Live MCQ™ অ্যাপে ১৮,০০০+
টপিকভিত্তিক প্রশ্ন ফ্রি অনুশীলনের সুযোগ

Live Publications™

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| **বাংলা ভাষা ও সাহিত্য** | **০১-২০২** |
| **বাংলা ভাষা** | **০১-৭২** |
| ভাষা ও বাংলা ভাষারীতি | ০১-০৫ |
| **ধ্বনিতত্ত্ব** | **০৫-১৬** |
| ধ্বনি ও বর্ণ-প্রকরণ | ০৫-০৯ |
| ধ্বনির উচ্চারণ ও ধ্বনি পরিবর্তন | ১০-১২ |
| ণ-ত্ব ও ষ-ত্ব বিধান | ১৩-১৩ |
| সন্ধি | ১৪-১৬ |
| **শব্দ প্রকরণ** | **১৭-৩৫** |
| শব্দের শ্রেণিবিভাগ ও শব্দের উৎসমূল | ১৭-২১ |
| ধাতু ও প্রত্যয় | ২১-২৫ |
| লিঙ্গ/পুরুষবাচক শব্দ, দ্বিরুক্ত বাচক শব্দ/শব্দ দ্বিত্ব, পদাশ্রিত নির্দেশক ও বচন | ২৫-২৮ |
| সমাস | ২৮-৩২ |
| উপসর্গ | ৩৩-৩৫ |
| **পদ-প্রকরণ** | **৩৪-৪০** |
| পদ ও পদের শেণিবিভাগ: বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় পদ ও ক্রিয়া পদ | ৩৪-৪০ |
| **বাক্য প্রকরণ** | **৪০-৭২** |
| বাক্য (সংজ্ঞা, গুণ ইত্যাদি সম্পর্কিত), বাক্যের প্রকারভেদ | ৪০-৪৪ |
| বাক্য ও উক্তির পরিবর্তন, বাচ্য ও বাচ্যের পরিবর্তন | ৪৫-৪৬ |
| কারক ও বিভক্তি | ৪৬-৪৮ |
| যতিচিহ্ন ও যতিচিহ্নের ব্যবহার | ৪৮-৪৯ |
| বাগ্ধারা ও প্রবাদ প্রবচন | ৪৯-৫২ |
| সমার্থক শব্দ/প্রতিশব্দ | ৫৩-৫৬ |
| বিপরীতার্থক শব্দ, শব্দজোড় ও প্রায় সমোচ্চারিত শব্দ | ৫৭-৫৯ |
| এক কথায় প্রকাশ/বাক্য সংক্ষেপ | ৫৯-৬১ |
| পরিভাষা ও পারিভাষিক শব্দ | ৬১-৬৩ |
| বানান ও বাক্যশুদ্ধি, প্রয়োগ ও অপপ্রয়োগ | ৬৪-৭০ |
| ছন্দ ও অলংকার | ৭০-৭২ |
| বাংলা সাহিত্য | **৭৩-২০২** |
| **বাংলা সাহিত্যের প্রাচীন যুগ** | **৭৩-৭৯** |
| **বাংলা সাহিত্যের মধ্যযুগ** | **৭৯-৯৯** |
| শ্রীকৃষ্ণকীর্তন | ৭৯-৮১ |
| মঙ্গলকাব্য | ৮১-৮৩ |
| বৈষ্ণব পদাবলি | ৮৪-৮৪ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| লোকসাহিত্য | ৮৫-৮৮ |
| গীতিকা | ৮৮-৮৯ |
| মধ্যযুগের গুরুত্বপূর্ণ সাহিত্যকর্ম ও লেখকগণ | ৯০-৯৯ |
| **বাংলা সাহিত্যের আধুনিক যুগ** | **১০০-১৮৮** |
| বাংলা সাহিত্যের আধুনিক যুগের বিকাশ | ১০০-১০৭ |
| রবীন্দ্রনাথ ঠাকুর | ১০৭-১১৪ |
| কাজী নজরুল ইসলাম | ১১৫-১২১ |
| মাইকেল মধুসূদন দত্ত | ১২২-১২৪ |
| ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর | ১২৪-১২৫ |
| বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | ১২৫-১২৯ |
| শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, কায়কোবাদ, দীনবন্ধু মিত্র | ১২৯-১৩০১ |
| জসীম উদ্‌দীন, বেগম রোকেয়া, ফররুখ আহমেদ | ১৩২-১৩৬ |
| মীর মশাররফ হোসেন, সৈয়দ মুজতবা আলী | ১৩৭-১৩৯ |
| প্রমথ চৌধুরী, মানিক বন্দ্যোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় | ১৪০-১৪২ |
| কল্লোল যুগ ও বাংলা সাহিত্যের পঞ্চপাণ্ডব | ১৪২-১৪৪ |
| মুসলিম সাহিত্য সমাজের সাহিত্যিকগণ | ১৪৫-১৪৭ |
| শওকত অসমান, শামসুর রাহমান, আল মাহমুদ | ১৪৮-১৫১ |
| সৈয়দ শামসুল হক, সেলিম আল দীন, হুমায়ুন আজাদ, হুমায়ুন আহমেদ | ১৫২-১৫৫ |
| সৈয়দ ওয়ালীউল্লাহ, আখতারুজ্জামান ইলিয়াস | ১৫৫-১৫৮ |
| ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ড. মুহম্মদ শহীদুল্লাহ, মুহম্মদ এনামুল হক, মুহম্মদ আবদুল হাই | ১৫৮-১৬০ |
| বাংলা সাহিত্যের গুরুত্বপূর্ণ নারী লেখক | ১৬১-১৬৩ |
| আধুনিক যুগের অন্যান্য লেখক ও তাঁদের সাহিত্যকর্ম | ১৬৩-১৭৮ |
| সাহিত্যিক ছদ্মনাম ও উপাধি | ১৭৯-১৮১ |
| পত্রিকা-সাময়িকী ও সম্পাদক | ১৮১-১৮৮ |
| **ভাষা অন্দোলন ও মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্য** | **১৮৯-১৯৫** |
| ভাষা অন্দোলনভিত্তিক সাহিত্য | ১৮৯-১৯১ |
| মুক্তিযুদ্ধভিত্তিক সাহিত্য | ১৯১-১৯৫ |
| **বাংলা সাহিত্যের চরিত্র, উক্তি ও সংলাপ** | **১৯৬-২০২** |
| বাংলা সাহিত্যের চরিত্র | ১৯৬-১৯৭ |
| বাংলা সাহিত্যের উক্তি ও সংলাপ | ১৯৭-২০২ |
| **ইংরেজি ভাষা ও সাহিত্য** | **২০৩-৪০০** |
| **ইংরেজি ভাষা** | **২০৩-৩৪৪** |
| **Noun, Pronoun, Number and Gender** | **২০৩-২০৯** |
| Noun and Pronoun | ২০৩-২০৫ |
| Number and Gender | ২০৬-২০৯ |
| **Verb** | **২১০-২৩০** |
| Classification of Verb,Gerund, Participle and Infinitive | ২১০-২১৬ |
| Right form of Verbs | ২১৬-২২১ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| Tense | ২২২-২২৩ |
| Subject-Verb Agreement | ২২৪-২২৭ |
| Adjective and Adverb | ২২৮-২৩০ |
| **Preposition and Conjunction** | **২৩১-২৪৯** |
| Appropriate Preposition | ২৩১-২৪০ |
| Conjunction | ২৪১-২৪২ |
| Article and Determiners | ২৪২-২৪৪ |
| Same Word used and Different Parts of Speech | ২৪৫-২৪৮ |
| Interchange of Parts of Speech | ২৪৮-২৪৯ |
| **Sentence** | **২৫০-২৫৬** |
| Type of Sentence | ২৫০-২৫৩ |
| Clause | ২৫৪-২৫৬ |
| **Sentence Transformation** | **২৫৭-২৬৬** |
| Voice | ২৫৭-২৬২ |
| Degree | ২৬২-২৬৩ |
| Narration | ২৬৪-২৬৬ |
| Translation | ২৬৬-২৬৬ |
| **Sentence Correction and Fill in the blanks** | **২৬৭-২৮২** |
| Sentence Correction | ২৬৭-২৭২ |
| Fill in the blanks | ২৭৩-২৭৯ |
| Conditionals | ২৮০-২৮২ |
| **Vocabulary** | **২৮২-৩৩৪** |
| Word Meaning and Spelling | ২৮২-৩০৩ |
| Synonym and Antonym | ৩০৪-৩১৩ |
| One Word Substitution | ৩১৩-৩১৫ |
| Idioms and Phrases | ৩১৫-৩৩১ |
| Proverbs | ৩৩১-৩৩২ |
| Classification of Phrases | ৩৩২-৩৩৪ |
| **Composition** | **৩৩৪-৩৩৬** |
| Letters, Applications, Paragraph Related and Others | ৩৩৪-৩৩৬ |
| **Miscellaneous** | **৩৩৭-৩৪৪** |
| **ইংরেজি সাহিত্য** | **৩৪৫-৪০০** |
| Periods of English Literature | ৩৪৫-৩৪৫ |
| The Old English Period, The Middle English Period & The Renaissance Period | ৩৪৬-৩৫৬ |
| The Neoclassical Period | ৩৫৭-৩৬২ |
| The Romantic Period | ৩৬৩-৩৭০ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| The Victorian Period | ৩৭১-৩৮০ |
| The Modern Period & The Postmodern Period | ৩৮০-৩৯০ |
| Other Writers from Around the World | ৩৯১-৩৯৬ |
| English Literary Terms | ৩৯৬-৪০০ |
| **বাংলাদেশ বিষয়াবলি** | **৪০১-৫৬৪** |
| **বাংলাদেশের জাতীয় বিষয়াবলি** | **৪০১-৪৪৪** |
| প্রাচীন কাল (ইতিহাস, জনপদ ও বিভিন্ন রাজবংশ) | ৪০১-৪০৭ |
| মধ্যযুগ (মুঘল, সুলতান ও নবাবী আমল) | ৪০৭-৪১৩ |
| ইউরোপীয়দের অয়াগমন ও ব্রিটিশ শাসনামল | ৪১৪-৪২১ |
| পাকিস্তান আমল | ৪২২-৪২২ |
| ভাষা আন্দোলন | ৪২২-৪২৬ |
| যুক্তফ্রন্ট নির্বাচন ও ১৯৫৬-এর শাসনতন্ত্র অন্দোলন | ৪২৬-৪২৭ |
| ছয় দফা আন্দোলন | ৪২৮-৪২৯ |
| ঊনসত্তরের গণঅভ্যুত্থান থেকে মুক্তিযুদ্ধ | ৪৩০-৪৪৪ |
| **বাংলাদেশের কৃষিজ সম্পদ** | **৪৪৫-৪৫৮** |
| কৃষিজ সম্পদ (ফসল, বন, প্রাণিসম্পদ, মৎস্যসম্পদ) | ৪৪৫-৪৫১ |
| ফসলের জাত | ৪৫০-৪৫৪ |
| কৃষি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান | ৪৫৫-৪৫৬ |
| অন্যান্য | ৪৫৭-৪৫৮ |
| **বাংলাদেশের অর্থনীতি** | **৪৫৯-৪৭২** |
| অর্থনৈতিক সমীক্ষা ও বাজেট | ৪৫৯-৪৬৩ |
| প্রেক্ষিত পরিকল্পনা ও পঞ্চবার্ষিক পরিকল্পনা | ৪৬৩-৪৬৪ |
| অন্যান্য | ৪৬৫-৪৭২ |
| **বাংলাদেশের শিল্প ও বাণিজ্য** | **৪৭৩-৪৮৬** |
| শিল্প উৎপাদন | ৪৭৩-৪৭৭ |
| শক্তি সম্পদ | ৪৭৭-৪৭৯ |
| পণ্য আমদানি ও রপ্তানি | ৪৭৯-৪৮২ |
| বৈদেশিক লেনদেন ও অর্থ প্রেরণ | ৪৮২-৪৮৩ |
| বাংলাদেশের বাণিজ্য | ৪৮৪-৪৮৬ |
| **বাংলাদেশের জনমিতিক বিষয়সমূহ** | **৪৮৬-৪৯৪** |
| জনমিতিক শুমারি ও জনসংখ্যা সংক্রান্ত | ৪৮৬-৪৮৯ |
| ক্ষুদ্র নৃগোষ্ঠী | ৪৮৯-৪৯৩ |
| অন্যান্য | ৪৯৩-৪৯৪ |
| **বাংলাদেশের সংবিধান** | **৪৯৫-৫১০** |
| **বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা** | **৫১০-৫১৩** |
| **বাংলাদেশের সরকার ব্যবস্থা** | **৫১৪-৫২৬** |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| **বাংলাদেশের জাতীয় অর্জন ও অন্যান্য** | **৫২৭-৫৬৪** |
| জাতীয় অর্জন | ৫২৭-৫৩৮ |
| খেলাধুলা | ৫৩৮-৫৪০ |
| যোগাযোগ | ৫৪০-৫৪৪ |
| ভৌগোলিক বিষয়াদি | ৫৪৫-৫৫৬ |
| সংস্কৃতি ও গণমাধ্যম | ৫৫৭-৫৬১ |
| ভাস্কর্য | ৫৬২-৫৬৪ |
| **আন্তর্জাতিক বিষয়াবলি** | **৫৬৫-৬৯৮** |
| **বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি** | **৫৬৫-৬১০** |
| বৈশ্বিক ইতিহাস (সভ্যতা, প্রাচীন ও মধ্যযুগ ইত্যাদি) | ৫৬৫-৫৬৭ |
| আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি | ৫৬৮-৫৭২ |
| গুরুত্বপূর্ণ মহাদেশ, দেশ (রাজধানী, মুদ্রা), স্থান, বন্দর ইত্যাদি সম্পর্কিত | ৫৭২-৬০০ |
| যুদ্ধ ও বিপ্লবসমূহ | ৬০০-৬০৫ |
| ইতিহাসের গুরুত্বপূর্ণ ব্যক্তি, ধর্মের অতিহাস ও অন্যান্য | ৬০৫-৬১০ |
| **আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক** | **৬১১-৬৩৪** |
| বৈশ্বিক দ্বন্দ্ব ও গুরুত্বপূর্ণ অঞ্চল | ৬১১-৬২২ |
| ন্যাটো ও অন্যান্য নিরাপত্তা জোট বাহিনী | ৬২২-৬২৪ |
| বিভিন্ন গেরিলা ও জঙ্গি সংস্থা, বিদ্রোহী জোট এবং গোয়েন্দা | ৬২৫-৬২৮ |
| নিরাপত্তা ও অন্যান্য চুক্তি এবং চুক্তি সংক্রান্ত সনদ | ৬২৮-৬৩৪ |
| **আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি** | **৬৩৫-৬৪৫** |
| পরিবেশগত বিভিন্ন ইস্যু | ৬৩৫-৬৩৬ |
| পরিবেশ বিষয়ক সংস্থা ও জোট | ৬৩৭-৬৩৮ |
| পরিবেশগত বিষয়ক চুক্তি ও সম্মেলন | ৬৩৯-৬৩৪৫ |
| **আন্তর্জাতিক সংগঠন এবং বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠান** | **৬৪৬-৬৮৭** |
| আন্তর্জাতিক রাজনৈতিক সংগঠন ও জোট | ৬৪৬-৬৪৯ |
| জাতিসংঘ ও জাতিসংঘ বিষয়ক তথ্য | ৬৫০-৬৬৪ |
| আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী, মানবাধিকার ও দূর্নীতি বিরোধী সংস্থা | ৬৬৫-৬৬৮ |
| **আন্তর্জাতিক সহযোগিতা সংগঠন ও জোট** | **৬৬৮-৬৭৩** |
| বিশ্বব্যাংক ও IMF | ৬৭৪-৬৭৭ |
| অন্যান্য অর্থনৈতিক সংস্থা | ৬৭৮-৬৮৭ |
| **বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনা প্রবাহ** | **৬৮৮-৬৯৮** |
| গুরুত্বপূর্ণ জরিপ, সমীক্ষা ও সূচক সম্পর্কিত | ৬৮৮-৬৯০ |
| আন্তর্জাতিক বিভিন্ন পুরস্কার ও খেলাধুলা সম্পর্কিত | ৬৯১-৬৯৬ |
| সাম্প্রতিক আন্তর্জাতিক সম্মেলন | ৬৯৭-৬৯৮ |
| **ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা** | **৬৯৯-৭৩৪** |
| বাংলাদেশ ও বৈশ্বিক ভৌগোলিক অঞ্চল, সীমানা, পারিবেশিক ও আর্থ-সামাজিক ও ভূ-রাজনৈতিক গুরুত্ব | ৬৯৯-৭০৮ |
| অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ, সম্পদের বণ্টন ও গুরুত্ব | ৭০৮-৭১৫ |

| বিষয় | পৃষ্ঠা নং |
| --- | --- |
| বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ: প্রকৃতি ও সম্পদের প্রধান চ্যালেঞ্জসমূহ | ৭১৬-৭১৭ |
| বাংলাদেশ ও বৈশ্বিক পরিবেশ পরিবর্তন: আবহাওয়া ও জলবায়ু নিয়ামকসমূহ | ৭১৭-৭২২ |
| প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা: দুর্যোগের ধরন, প্রকৃতি ও ব্যবস্থাপনা | ৭২৩-৭৩৪ |
| **সাধারণ বিজ্ঞান** | **৭৩৫-৮৩০** |
| **ভৌত বিজ্ঞান** | **৭৩৫-৭৮৩** |
| **পদার্থবিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ** | **৭৩৫-৭৬৫** |
| ভৌত রাশি, পরিমাপ ও পদার্থ বিজ্ঞানের উন্নয়ন | ৭৩৫-৭৩৭ |
| বল ও গতি এবং মহাকর্ষ ও অভিকর্ষ | ৭৩৭-৭৩৯ |
| কাজ, ক্ষমতা ও শক্তি | ৭৪০-৭৪১ |
| চাপ ও ঘনত্ব | ৭৪১-৭৪৩ |
| তরঙ্গ ও শব্দ | ৭৪৩-৭৪৬ |
| তাপ ও তাপগতিবিদ্যা | ৭৪৭-৭৪৯ |
| আলোকবিদ্যা | ৭৫০-৭৫৪ |
| বিদ্যুৎ ও তড়িৎবিদ্যা | ৭৫৪-৭৫৭ |
| আধুনিক পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স | ৭৫৮-৭৬৩ |
| চৌম্বক ও চৌম্বকত্ব | ৭৬৩-৭৬৫ |
| **রসায়ন বিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ** | **৭৬৬-৭৮৩** |
| দৈনন্দিন জীবনে রসায়ন ও রসায়ন বিজ্ঞানের উন্নয়ন | ৭৬৬-৭৭০ |
| পদার্থের অবস্থা, রাসায়নিক গঠন ও পরিবর্তন এবং পর্যায়বৃত্ত ধর্ম | ৭৭০-৭৭৫ |
| অ্যাসিড, ক্ষার ও লবণ | ৭৭৬-৭৭৭ |
| খনিজ সম্পদ: ধাতু, অধাতু ও জীবাশ্মসমূহ | ৭৭৭-৭৭৯ |
| তড়িৎ ও জৈব রসায়ন ও তাদের জাতকসমূহ | ৭৮০-৭৮২ |
| মৌলের রাসায়নিক নাম ও তাদের সংকেতসমূহ | ৭৮২-৭৮৩ |
| **জীববিজ্ঞান** | **৭৮৪-৮০২** |
| জীববিজ্ঞানের শাখা ও অবদান | ৭৮৪-৭৮৪ |
| **উদ্ভিদ বিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ** | **৭৮৫-৭৯১** |
| উদ্ভিদের কোষীয় সংগঠন, বাহ্যিক বৈশিষ্ট্য ও প্রজনন | ৭৮৫-৭৮৬ |
| উদ্ভিদের শারীরবৃত্তীয় প্রক্রিয়া | ৭৮৬-৭৮৭ |
| উদ্ভিদের পুষ্টি, রোগ-বালাই ও অণুজীববিদ্যা সম্পর্কিত | ৭৮৮-৭৯০ |
| উদ্ভিদবিজ্ঞান সম্পর্কিত অন্যান্য বিষয় | ৭৯১-৭৯১ |
| **প্রাণিবিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ** | **৭৯১-৮০২** |
| মানবদেহ ও শারীরতত্ত্ব | ৭৯১-৭৯৬ |
| খাদ্য, পুষ্টি ও পরিমাপকসমূহ | ৭৯৬-৮০০ |
| জীবের বংশগতি ও প্রাণিবিজ্ঞান সংক্রান্ত অন্যান্য বিষয় | ৮০০-৮০২ |
| **আধুনিক বিজ্ঞান** | **৮০৩-৮১৩** |
| রোগ - জীবাণু ও আধুনিক চিকিৎসা সংক্রান্ত | ৮০৩-৮১১ |
| আধুনিক চাষ ও পশুপালন পদ্ধতি এবং কৃষি ব্যবস্থাপনা | ৮১২-৮১৩ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| **আধুনিক পদার্থ ও ভূগোল সংক্রান্ত** | **৮১৩-৮৩০** |
| মহাকাশ ও জ্যোতির্বিজ্ঞান | ৮১৩-৮১৯ |
| প্রাকৃতিক ভূগোল ও দুর্যোগ ব্যবস্থাপনা | ৮২০-৮২২ |
| পরিবেশ বিজ্ঞান ও দূষণসমূহ | ৮২৩-৮২৬ |
| জোয়ার-ভাটা, অক্ষাংশ-দ্রাঘিমাংশ ইত্যাদি | ৮২৭-৮২৭ |
| অন্যান্য | ৮২৮-৮৩০ |
| **কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি** | **৮৩১-৮৮৪** |
| **কম্পিউটার** | **৩৮১-৮৫৯** |
| কম্পিউটারের অঙ্গসংগঠন ও পেরিফেরালস | ৮৩১-৮৩৮ |
| কম্পিউটার প্রোগ্রাম, প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ও পারঙ্গমতা | ৮৩৮-৮৪৪ |
| কম্পিউটার অপারেটিং সিস্টেম | ৮৪৫-৮৪৮ |
| কম্পিউটারের ইতিহাস, কম্পিউটারের প্রকারভেদ ও দৈনন্দিন জীবনে কম্পিউটার | ৮৪৮-৮৫০ |
| কম্পিউটার নম্বর সিস্টেম ও লজিক গেইটসমূহ | ৮৫১-৮৫৬ |
| ডেটাবেজ সিস্টেম | ৮৫৬-৮৫৯ |
| **তথ্যপ্রযুক্তি** | **৮৬০-৮৮৪** |
| ইন্টারনেট সংক্রান্ত বিষয় | ৮৬০-৮৬৩ |
| কম্পিউটার ও সেলুলার নেটওয়ার্কিং সিস্টেম ও ডেটা কমিউনিকেশন | ৮৬৪-৮৭১ |
| দৈনন্দিন জীবনে তথ্য-প্রযুক্তি (ইমেইল, স্মার্টফোন ইত্যাদি) | ৮৭২-৮৭৫ |
| ক্লায়েন্ট সার্ভার ম্যানেজমেন্ট ও ক্লাউড কম্পিউটিং | ৮৭৫-৮৭৮ |
| মোবাইল প্রযুক্তি ও এর বৈশিষ্ট্য, রোবটিক্স ও সাইবার অপরাধ | ৮৭৯-৮৮২ |
| সোশ্যাল নেটওয়ার্কিং ও তথ্য প্রযুক্তির বড় প্রতিষ্ঠান | ৮৮২-৮৮৪ |
| **গাণিতিক যুক্তি** | **৮৮৫-৯৮৬** |
| **পাটিগণিত** | **৮৮৫-৯১৮** |
| বাস্তব সংখ্যা, গড়, ভগ্নাংশ, ল.সা.গু ও গ.সা.গু | ৮৮৫-৮৯৫ |
| শতকরা, সরল ও যৌগিক মুনাফা, লাভ-ক্ষতি | ৮৯৫-৯০৬ |
| অংশীদারী হিসাব, অনুপাত ও সমানুপাত | ৯০৭-৯১০ |
| ঐকিক নিয়ম | ৯১০-৯১১ |
| বয়স ও পরিমাপ সংক্রান্ত সমস্যা | ৯১১-৯১২ |
| নৌকা, ট্রেন, সময় ও গতি বেগ সংক্রান্ত সমস্যা | ৯১৩-৯১৬ |
| কাজ, নল ও চৌবাচ্চা সংক্রান্ত সমস্যা | ৯১৬-৯১৮ |
| **বীজগণিত** | **৯১৯-৯৬১** |
| বীজগাণিতিক সূত্রাবলি ও এর প্রয়োগ | ৯১৯-৯২৭ |
| বহুপদী উৎপাদক ও এর বিশ্লেষণ | ৯২৭-৯২৮ |
| সরল ও দ্বিপদী সমীকরণ এবং সরল সহসমীকরণ | ৯২৮-৯৩৬ |
| সরল ও দ্বিপদী অসমতা | ৯৩৬-৯৩৯ |
| সূচক ও লগারিদম | ৯৪০-৯৪৫ |
| ধারা | ৯৪৬-৯৫১ |
| সেট, ফাংশন ও ভেনচিত্র | ৯৫২-৯৫৬ |

| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| বিন্যাস ও সমাবেশ | ৯৫৫-৯৫৮ |
| পরিসংখ্যান ও সম্ভাব্যতা | ৯৫৯-৯৬১ |
| **জ্যামিতি** | **৯৬২-৯৮৬** |
| রেখা, কোণ ও বৃত্ত সম্পর্কিত সমস্যা ও সমাধান | ৯৬২-৯৬৯ |
| ত্রিভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৯৭০-৯৭৫ |
| চতুর্ভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৯৭৫-৯৭৯ |
| পিথাগোরাসের উপপাদ্য এবং অন্যান্য বহুভুজ সংক্রান্ত সমস্যা ও সমাধান | ৯৮০-৯৮১ |
| ত্রিকোণমিতি | ৯৮২-৯৮৪ |
| পরিমিতি | ৯৮৪-৯৮৬ |
| **মানসিক দক্ষতা** | **৯৮৭-১০২৪** |
| ভাষাগত যৌক্তিক বিচার | ৯৮৭-৯৯৩ |
| সমস্যা সমাধান | ৯৯৪-১০০১ |
| বানান ও ভাষা | ১০০১-১০০৫ |
| যান্ত্রিক দক্ষতা | ১০০৬-১০১০ |
| স্থানাঙ্ক সম্পর্ক | ১০১০-১০১৬ |
| সংখ্যাগত ক্ষমতা | ১০১৬-১০২০ |
| বিমূর্ত যুক্তি | ১০২০-১০২৩ |
| বিবিধ | ১০২৩-১০২৪ |
| **নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন** | **১০২৫-১০৫৪** |
| নৈতিকতা | ১০২৪-১০৩০ |
| মূল্যবোধ | ১০৩১-১০৩৭ |
| সুশাসন | ১০৩৮-১০৫০ |
| নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন সম্পর্কিত উক্তি, বই ও লেখক | ১০৫১-১০৫৪ |
| **৩৫তম-৪৭তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন** | **১০৫৫-১১৫২** |


## বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার নতুন নম্বর বণ্টন:

| ক্রমিক | বিষয়ের নাম | নম্বর |
|---|---|---|
| ১. | বাংলা ভাষা ও সাহিত্য | ৩০ |
| ২. | ইংরেজি ভাষা ও সাহিত্য | ৩০ |
| ৩. | বাংলাদেশ বিষয়াবলি | ২৫ |
| ৮. | আন্তর্জাতিক বিষয়াবলি | ২৫ |
| ৫. | ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ১০ |
| ৬. | সাধারণ বিজ্ঞান | ১৫ |
| ৭. | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ১৫ |
| ৮. | গাণিতিক যুক্তি | ২০ |
| ৯. | মানসিক দক্ষতা | ১৫ |
| ১০. | নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন | ১৫ |
| | **মোট =** | **২০০** |

**** বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার নতুন সিলেবাস ও টপিকভিত্তিক মান বণ্টন জানতে BPSC-এর ওয়েবসাইট ভিজিট করুন।*

BCS Job Solution

# বাংলা ভাষা ও সাহিত্য

## বাংলা ভাষা

### ভাষা ও বাংলা ভাষারীতি

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ০ | ৪৪তম | ০ | ৩৮তম | ০ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ১ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ০ | ৪২তম | ২ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ২ | ৪১তম | ১ | ৩৫তম | ১ |
| ৪৬তম | ১ | ৪০তম | ০ | ১০ম-৩৪তম | ৮ |
| ৪৫তম | ২ | ৩৯তম | ১ | | |

১. **মনোএল দ্যা আসসুম্পসাঁও অভিধান প্রকাশের আগে কত বছর ধরে শব্দ সংগ্রহ করেন?** *[৪৭তম বিসিএস]*

ক ২-৩ বছর　　খ ৫-৭ বছর

গ ৯-১০ বছর　　ঘ ১৪-১৫ বছর　　**উ.** গ

**ব্যাখ্যা :** 'Vocabolario em idioma Bengalla, e Portuguez dividido em duas partes' – গ্রন্থ রচনার জন্য ৯-১০ বছর ধরে শব্দ সংগ্রহ করেছেন। মনোএল ভাওয়ালের একটি গির্জায় ধর্মযাজকের দায়িত্ব পালনকালে ১৭৩৪-৪২ খ্রিস্টাব্দের মধ্যে Vocabolario em idioma Bengalla, e Portuguez dividido em duas partes শীর্ষক গ্রন্থটি রচনা করেন। এটি ১৭৪৩ সালে প্রকাশ করেন।

**বাংলা ব্যাকরণ রচনার ইতিহাস:**

**প্রথম পর্যায়:** প্রথম বাংলা ব্যাকরণ প্রকাশিত হয় ১৭৪৩ সালে। এটি পর্তুগিজ ভাষায় রচিত, লেখক ছিলেন মনোএল দা আসসুম্পসাঁউ। তিনি তাঁর বাংলা-পর্তুগিজ অভিধানের ভূমিকাংশ হিসেবে এই ব্যাকরণ রচনা করেন।

**ইংরেজি ভাষায় বাংলা ব্যাকরণ:** ১৭৭৮ সালে প্রকাশিত হয় নাথানিয়েল ব্রাসি হ্যালহেড প্রণীত বাংলা ব্যাকরণ। নাম: 'A Grammar of the Bengal Language'। এটি ইংরেজি ভাষায় রচিত প্রথম পূর্ণাঙ্গ বাংলা ব্যাকরণ। ১৮০১ সালে উইলিয়াম কেরি ইংরেজি ভাষায় রচনা করেন 'A Grammar of the Bengalee Language'। এর বঙ্গানুবাদ করেন – জন রবিনসন (১৮৪৬)।

**বাংলা ভাষায় রচিত ব্যাকরণ:** ১৮৩৩ সালে প্রকাশিত হয় রামমোহন রায়ের 'গৌড়ীয় ব্যাকরণ'। এটি বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ।

*উৎস: বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি (নবম-দশম শ্রেণি, সংস্করণ ২০২১), বাংলাপিডিয়া।*

২. **গৌড়ী প্রাকৃত বলতে বোঝায়–** *[৪৭তম বিসিএস]*

ক গৌড় অঞ্চলের মুখের ভাষা

খ গৌড় সাহিত্যের স্বাভাবিক রীতি

গ গৌড় ভাষার লিখিত নমুনা

ঘ গৌড় ভাষার বিকৃত উচ্চারণ　　**উ.** ক

**ব্যাখ্যা :** গৌড়ী প্রাকৃত বলতে বোঝায় গৌড় অঞ্চলের সাধারণ মানুষের মুখের ভাষা। ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, গৌড় অঞ্চলের সাধারণ মানুষের মুখের ভাষা অর্থ প্রাকৃতজনের মুখের ভাষা থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে। অর্থাৎ বাংলা ভাষার উৎপত্তি গৌড়ীয় প্রাকৃত থেকে। মুহম্মদ শহীদুল্লাহ মনে করেন ৬৫০ খ্রিষ্টাব্দের কাছাকাছি কোনো সময়ে, অর্থাৎ সপ্তম শতকে গৌড়ি প্রাকৃত থেকে জন্ম নিয়েছিল আধুনিকতম প্রাকৃত বাংলা

BCS Job Solution

# বাংলা ভাষা ও সাহিত্য

## বাংলা সাহিত্য

### বাংলা সাহিত্যের প্রাচীন যুগ

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ১ | ৪৪তম | ০ | ৩৮তম | ১ |
| ৪৯তম | ১ | ৪৩তম | ২ | ৩৭তম | ২ |
| ৪৮তম | ০ | ৪২তম | ১ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ১ | ৪১তম | ১ | ৩৫তম | ২ |
| ৪৬তম | ১ | ৪০তম | ২ | ১০ম-৩৪তম | ৯ |
| ৪৫তম | ১ | ৩৯তম | ০ | | |

১. **'কাআ তরুবর পঞ্চ বি ডাল'-পদটির রচয়িতা কে?** *[৫০তম বিসিএস]*

ⓚ লুইপা ⓚ ভুসুকুপা ⓖ শবরপা ⓖ কাহ্নপা **উ.** ক

**ব্যাখ্যা :** পদটির রচয়িতা 'লুইপা'। এটি চর্যাপদের প্রথম পদ।

**লুইপা:** লুইপা প্রবীণ বৌদ্ধসিদ্ধাচার্য ও চর্যাপদের একজন কবি। তাঁর রচিত চর্যার পদ সংখ্যা দুইটি; ১ ও ২৯ নং পদ।

মুহম্মদ শহিদুল্লাহর মতে ৭৩০ থেকে ৮১০ খ্রিষ্টাব্দের মধ্যে লুইপা জীবিত ছিলেন।

'চয্যাচর্যবিনিশ্চয়'-এর প্রথম কবি লুইপা। তিব্বতি ঐতিহ্যে প্রাপ্ত চুরাশি জন সিদ্ধাচার্যের নামের তালিকায় লুইয়ের নাম আদিতম। অনেক পণ্ডিত লুইপাকে ও প্রথম চর্যাগীতি রচয়িতা বলে মনে করেন। তাঁর জীবৎকাল ৭৩০-৮১০ খ্রিষ্টাব্দের মধ্যে। সে সময় ছিল রাজা ধর্মপালের রাজত্বকাল। হিন্দিভাষীরা লুইপাকে মগধ বা বিহারের অধিবাসী বলে দাবি করেন। হরপ্রসাদ শাস্ত্রীর মতে, লুইপা ছিলেন রাঢ় অঞ্চলের লোক।

লুইপা রচিত চর্যাপদের প্রথম পদ–

'কাআ তরুবর পাঞ্চ বি ডাল।
চঞ্চল চীএ পৈঠা কাল।।'

বাংলা অর্থ:

দেহ গাছের মত, এর পাঁচটি ডাল।
চঞ্চল মনে কাল প্রবেশ করে।

*উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা এবং বাংলাপিডিয়া।*

২. **চর্যাপদের খণ্ডিত পদগুলো তিব্বতি থেকে প্রাচীন বাংলায় রূপান্তর করেন–** *[৪৯তম বিসিএস]*

ⓚ সুনীতিকুমার চট্টোপাধ্যায় ⓚ হরপ্রসাদ শাস্ত্রী
ⓖ রাজেন্দ্রলাল মিত্র ⓖ সুকুমার সেন **উ.** ঘ

**ব্যাখ্যা :** চর্যাচর্যবিনিশ্চয় বা চর্যাগীতিকোষ বা চর্যাগীতি বা চর্যাপদ হলো বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন যা ৮ম থেকে ১২শ শতাব্দীর মধ্যে রচিত বৌদ্ধ সহজিয়া পদাবলী। এই পদগুলো মূলত প্রাচীন বাংলা, মৈথিলি, ওড়িয়া এবং অসমীয়ার মতো পূর্ব ভারতীয় ভাষার মিশ্রণে রচিত।

**চর্যাপদ আবিষ্কার:** ১৯০৭ সালে হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজদরবারের গ্রন্থাগার থেকে মুণিদত্তের সংস্কৃত টীকাসহ বাংলা চর্যাপদের পাণ্ডুলিপি আবিষ্কার করেন। এই পাণ্ডুলিপিতে ২৩ এর খণ্ডিত, ২৪, ২৫, এবং ৪৮ নং পদগুলো ছিল না। সংস্কৃত ভাষার টীকাগুলোতে বাংলা চর্যার প্রতিটি পদের ব্যাখ্যা দেওয়া আছে।

BCS Job Solution

# ইংরেজি ভাষা ও সাহিত্য
(English Language & Literature)

# ইংরেজি ভাষা
(English Language)

## Noun, Pronoun, Number and Gender

### Noun and Pronoun

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ১ | ৪৪তম | ১ | ৩৮তম | ২ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ১ | ৩৭তম | ১ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ০ | ৪১তম | ১ | ৩৫তম | ১ |
| ৪৬তম | ০ | ৪০তম | ০ | ১০ম-৩৪তম | ৬ |
| ৪৫তম | ০ | ৩৯তম | ০ | | |

১. **Identify the sentence where 'up' functions as a noun-** *[৫০তম বিসিএস]*
ⓚ He turned the volume up.
ⓛ Business confidence is on the up.
ⓜ We live just up the road.
ⓝ Our system should be up by afternoon. **উ. খ**

**ব্যাখ্যা :** এই বাক্যে 'up' একটি noun হিসেবে ব্যবহৃত হয়েছে। "on the up" একটি idiomatic expression যার অর্থ "improving" বা "getting better" (উন্নতির দিকে যাচ্ছে)। এখানে 'up' এর আগে article 'the' আছে, যা প্রমাণ করে এটি noun. Preposition 'on' এর object হিসেবে 'the up' কাজ করছে।

On the up [idiom] meaning: increasing or improving.

Bangla meaning: উন্নতির দিকে/উন্নতি হচ্ছে/বৃদ্ধি পাচ্ছে।

Example:
Business confidence is on the up.
House prices are still on the up.

**অন্যান্য অপশনগুলোতে 'up' -এর ভূমিকা:**
ⓚ He turned the volume up.
এখানে 'up' হলো adverb। এটি 'turned' verb-কে modify করছে, নির্দেশ করছে কীভাবে volume পরিবর্তন করা হয়েছে (উপরের দিকে/বাড়ানো হয়েছে)।

ⓜ We live just up the road.
এখানে 'up' হলো preposition। এটি 'the road' এর সাথে যুক্ত হয়ে স্থান নির্দেশ করছে। "up the road" = রাস্তার উপরের দিকে/সামনে।

ⓝ Our system should be up by afternoon.
এখানে 'up' হলো adjective বা predicate adjective। এটি 'system' কে describe করছে, অর্থ হলো চালু/কার্যকর (operational/running)।
*Source:*
*- Oxford Dictionary.*
*- Cambridge Dictionary.*

২. **What kind of noun is 'river'?** *[৪৪তম বিসিএস]*
ⓚ Material ⓛ Collective
ⓜ Proper ⓝ Common **উ. ঘ**

BCS Job Solution

# ইংরেজি ভাষা ও সাহিত্য
# (English Language & Literature)

## ইংরেজি সাহিত্য
## (English Literature)

### Periods of English Literature

| | Periods | | Time Duration (AD) |
|---|---|---|---|
| **1** | **The Old English Period/ The Anglo-Saxon Period** | | **450-1066** |
| **2** | **The Middle English Period** | | **1066-1500** |
| | **2.1** | The Anglo-Norman Period | 1066-1340 |
| | **2.2** | The Age of Chaucer | 1340-1400 |
| | **2.3** | The Dark/Barren Period | 1400-1485 |
| **3** | **The Renaissance Period** | | **1500-1660** |
| | **3.1** | Preparation for Renaissance | 1500-1558 |
| | **3.2** | Elizabethan Age | 1558-1603 |
| | **3.3** | Jacobean Age | 1603-1625 |
| | **3.4** | Caroline Age | 1625-1649 |
| | **3.5** | Commonwealth Period | 1649-1660 |
| | **3.6** | Puritan Period | 1620-1660 |
| **4** | **The Neoclassical Period** | | **1660-1785*** |
| | **4.1** | The Restoration Period | 1660-1700 |
| | **4.2** | The Augustan Age/The Age of Pope | 1700-1745 |
| | **4.3** | Age of Sensibility/The Age of Johnson | 1745-1785 |
| **5** | **The Romantic Period** | | **1798-1832** |
| **6** | **The Victorian Period** | | **1832-1901** |
| | **6.1** | The Pre-Raphaelites | 1848-1860 |
| | **6.2** | Aestheticism and Decadence | 1880-1901 |
| **7** | **The Modern Period** | | **1901-1939** |
| | **7.1** | Edwardian Period | 1901-1910 |
| | **7.2** | Georgian Period | 1910-1936 |
| **8** | **The Postmodern Period** | | **1939-Present** |

*১৬৬০-১৭৮৫ সময়কালকে Neoclassical যুগ হিসেবে বিবেচনা করা হয়। তবে অনেক সাহিত্যবোদ্ধার মতে ১৭৮৫ নয়, ১৭৯৮ সালে 'Lyrical Ballads' প্রকাশিত হলে এ যুগের চূড়ান্ত সমাপ্তি ঘটে।

BCS Job Solution

# বাংলাদেশ বিষয়াবলি
# Bangladesh Affairs

## বাংলাদেশের জাতীয় বিষয়াবলি

### প্রাচীন কাল (ইতিহাস, জনপদ ও বিভিন্ন রাজবংশ)

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ১ | ৪৪তম | ৩ | ৩৮তম | ১ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ৩ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ১ | ৪২তম | ১ | ৩৬তম | ৩ |
| ৪৭তম | ০ | ৪১তম | ৪ | ৩৫তম | ২ |
| ৪৬তম | ২ | ৪০তম | ১ | ১০ম-৩৪তম | ১৮ |
| ৪৫তম | ০ | ৩৯তম | ০ | | |

**১. প্রাচীন 'হরিকেল জনপদটি' কোন কোন বিভাগ সমন্বয়ে গঠিত?** *[৫০তম বিসিএস]*

ⓚ রাজশাহী ও রংপুর ⓛ চট্টগ্রাম ও সিলেট
ⓜ রাজশাহী ও খুলনা ⓝ খুলনা ও ঢাকা **উ. খ**

**ব্যাখ্যা :** প্রাচীন 'হরিকেল জনপদটি' চট্টগ্রাম ও সিলেট বিভাগ সমন্বয়ে গঠিত।

**বাংলার প্রাচীন জনপদ :** প্রাচীন যুগে বাংলা বিভিন্ন জনপদে বিভক্ত ছিল এবং এই জনপদবাসীরাই স্ব-স্ব জনপদের নামেই পরিচিতি লাভ করে। প্রাচীন কাল থেকে আরম্ভ করে আনুমানিক ষষ্ঠ ও সপ্তম শতক পর্যন্ত প্রাচীন বাংলা্ বরেন্দ্র, পুন্ড্র, গৌড়, রাঢ়, সুক্ষ্ম, তাম্রলিপ্ত, সমতট, বঙ্গ, চন্দ্রদ্বীপ ইত্যাদি জনপদে বিভক্ত ছিল।

এই জনপদগুলো স্বতন্ত্র ও পৃথক, মাঝে মাঝে বিরোধ মিলনে একের সাথে অন্যের যোগাযোগের বিষয়টি লক্ষ করা যায়।

**হরিকেল :** হরিকেল প্রাচীন পূর্ববঙ্গের একটি জনপদ। হরিকেল জনপদের কথা প্রথম জানা যায় প্রথম শতকের চট্টগ্রামে প্রাপ্ত লিপিতে। চন্দ্রবংশীয় লিপিতেও হরিকেল রাজ্যের কথা উল্লেখ আছে।

হরিকেল জনপদ আধুনিক সিলেট থেকে পার্বত্য চট্টগ্রাম পর্যন্ত বিস্তৃত ছিলো। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে সংরক্ষিত দুটি প্রাচীন গ্রন্থের পাণ্ডুলিপিতে হরিকোল (হরিকেল) ও বর্তমান সিলেট বিভাগ অভিন্ন উল্লিখিত হয়েছে।

বাংলাদেশের প্রাচীন জনপদগুলোর নির্দিষ্ট সীমারেখা নির্ণয় করা বা যুগে যুগে তাদের সীমার বিস্তার ও সংকোচনের সঠিক তথ্য সংগ্রহ করা দুরূহ কাজ।

**অন্যান্য জনপদের অবস্থান:**

**পুণ্ড্র :** প্রাচীন সভ্যতার নিদর্শনের দিক দিয়ে পুণ্ড্রই ছিল বাংলার সবচেয়ে প্রাচীন ও সমৃদ্ধ জনপদ। পুন্ড্রদের রাজ্যের রাজধানীর নাম পুন্ড্রনগর।

বর্তমান বগুড়া শহরের অদূরে করতোয়া নদীর তীরে পুন্ড্রনগর অবস্থিত। পরবর্তীকালে এর নাম হয় মহাস্থানগড়। এ রাজ্যের বিস্তৃতি বর্তমান - বগুড়া, রংপুর, রাজশাহী ও দিনাজপুর পর্যন্ত ছিল।

**বঙ্গ :** বৃহত্তর ফরিদপুর, বিক্রমপুর, বাখেরগঞ্জ, পটুয়াখালীর নিচু জলাভূমি নিয়ে 'বঙ্গ' জনপদ গঠিত হয়েছিল। এই অঞ্চলে বসবাসকারী 'বঙ্গ' জনগোষ্ঠী থেকে 'বঙ্গ' নামের উৎপত্তি ঘটেছে বলে ধারণা করা হয়।

**গৌড় :** বৃহত্তর রংপুর, দিনাজপুর ও রাজশাহীর অংশবিশেষ নিয়ে গঠিত ছিল।

**রাঢ় :** রাঢ় জনপদের অবস্থান ছিলো বর্তমান পশ্চিমবঙ্গে।

**সমতট :** বর্তমান বৃহত্তর নোয়াখালী ও কুমিল্লা অঞ্চল জুড়ে বিস্তৃত ছিল।

**বরেন্দ্র :** বর্তমান রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চল জুড়ে বিরাজমান ছিল।

BCS Job Solution

# আন্তর্জাতিক বিষয়াবলি
# International Affairs

## বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি

### বৈশ্বিক ইতিহাস (সভ্যতা, প্রাচীন ও মধ্যযুগ ইত্যাদি)

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ০ | ৪৪তম | ১ | ৩৮তম | ০ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ১ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ২ | ৪১তম | ১ | ৩৫তম | ০ |
| ৪৬তম | ১ | ৪০তম | ০ | ১০ম-৩৪তম | ২ |
| ৪৫তম | ১ | ৩৯তম | ৩ | | |

১. **নিচের কোন সভ্যতার সময়কালে ওজন পরিমাপ ও দৈর্ঘ্য মাপার পদ্ধতি আবিষ্কার হয়েছিল?** *[৪৭তম বিসিএস]*

ⓚ সিন্ধু সভ্যতা ⓛ মিশরীয় সভ্যতা
ⓜ গ্রিক সভ্যতা ⓝ অ্যাসেবীয় সভ্যতা **উ.** ক

**ব্যাখ্যা :** সিন্ধু সভ্যতার সময়কালে ওজন পরিমাপ ও দৈর্ঘ্য মাপার পদ্ধতি আবিষ্কার হয়েছিল।

**সিন্ধু সভ্যতার পরিমাপ পদ্ধতি :** সিন্ধু নদের অববাহিকা অঞ্চলে গড়ে উঠেছিল বলে এই সভ্যতার নাম সিন্ধু সভ্যতা। সিন্ধু সভ্যতার অধিবাসীরা দ্রব্যের ওজন ও পরিমাপ পদ্ধতির উদ্ভাবক ছিল। তাদের এই পরিমাপ পদ্ধতির আবিষ্কার সভ্যতার জন্য গুরুত্বপূর্ণ অবদান বলে বিবেচিত। তারা বিভিন্ন দ্রব্য ওজনের জন্য নানা মাপের ভিন্ন ভিন্ন আকৃতির বাটখারা ব্যবহার করত। দাগ কাটা স্কেল দিয়ে দৈর্ঘ্য মাপার পদ্ধতিও তাদের জানা ছিল। মহেঞ্জোদারো নগরের অর্থনৈতিক অবস্থা এবং বাণিজ্যের অবস্থা যে ভাল ছিল তা এই সভ্যতায় পাওয়া নিদর্শন থেকে জানা যায়। ওজনের জন্য নগরবাসীরা বিভিন্ন পরিমাপের বাটখারা ব্যবহার করতো। ছোট বাটখারাগুলোর আকৃতি ছিল চারকোণা। আর বড়গুলো ছিল গোলাকার। কোনো কোনোটি ছিল কিছুটা কৌণিক। সাধারণত পাথর দিয়ে বাটখারা তৈরি করা হতো। বাটখারাগুলোর ওজন সমান থাকায় ধারণা করা হয় ওজনের ব্যাপারে সিন্ধু সভ্যতার লোকেরা সতর্ক ছিল। বড় বড় এবং ভারি জিনিস ওজন করার জন্য মহেঞ্জোদারোর নগরবাসীরা ব্রোঞ্জের স্কেল ব্যবহার করতো। ভারি বস্তু ওজন করার জন্য কাঠখণ্ডের ব্যবহার করা হতো। কাঠখন্ডের এক প্রান্তে দ্রব্য বেঁধে ওজন করা হতো। কোনো জিনিসের দৈর্ঘ্য মাপার জন্য মহেঞ্জোদারোর মানুষেরা স্কেল ব্যবহার করত। তাদের স্কেলের দৈর্ঘ্য ছিল ২০.৬২ ইঞ্চির সমান। পরিমাপদণ্ডে নির্দিষ্ট ঘর কাটা হতো।

**সিন্ধু সভ্যতা :** পাকিস্তানের সিন্ধু প্রদেশের মহেঞ্জোদারোতে এবং পাঞ্জাবের হরপ্পায় এই সভ্যতা আবিষ্কৃত হয়। সিন্ধু সভ্যতার সংস্কৃতিকে অনেক সময়ে হরপ্পা সংস্কৃতি বা হরপ্পা সভ্যতা বলা হয়ে থাকে। সিন্ধু সভ্যতার প্রকৃত নির্মাতা হচ্ছে দ্রাবিড়রা। এই সভ্যতার অধিবাসীরা ছিল দ্রাবিড়, অস্ট্রোলয়েড, ভূ-মধ্যসাগরীয় মঙ্গোলীয় এবং আলপানীয় গোত্রভুক্ত। এ কারণেই সিন্ধু সভ্যতার সংস্কৃতি দ্রাবিড়ীয় সংস্কৃতি নামে পরিচিত। প্রত্নতাত্ত্বিকগণ মোটামুটি নিশ্চিত হয়েছেন ২৭৫০ খ্রিষ্টপূর্বাব্দে প্রলয়ঙ্করী বন্যা হয়েছিল। হরপ্পা ও মহেঞ্জোদারো প্লাবিত হয় এই বন্যায়। হরপ্পা ও মহেঞ্জোদারো শহর এভাবে ধ্বংস হয়ে যায়। বলা হয়ে থাকে, ক্রমাগত বন্যায় শহর দু'টি ধীরে ধীরে মাটির নীচে চাপা পড়েছে।

*উৎস: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা (এসএসসি প্রোগ্রাম), ইতিহাস ১ম পত্র (এইচএসসি প্রোগ্রাম)-বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ব্রিটেনিকা।*

BCS Job Solution

# ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা
## (Geography, Environment & Disaster Management)

## বাংলাদেশ ও বৈশ্বিক ভৌগোলিক অঞ্চল, সীমানা, পারিবেশিক, আর্থ-সামাজিক ও ভূ-রাজনীতির গুরুত্ব

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ৫ | ৪৪তম | ১ | ৩৮তম | ১ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ৪ | ৩৭তম | ২ |
| ৪৮তম | ০ | ৪২তম | ১ | ৩৬তম | ৩ |
| ৪৭তম | ৩ | ৪১তম | ২ | ৩৫তম | ২ |
| ৪৬তম | ১ | ৪০তম | ১ | | |
| ৪৫তম | ৩ | ৩৯তম | ০ | | |

**১. ভঙ্গিল পর্বত, আগ্নেয় পর্বত ও স্তূপ পর্বতের উদাহরণ যথাক্রমে–** *[৫০তম বিসিএস]*

ⓚ রকি, ভিসুভিয়াস, ব্ল্যাক ফরেস্ট
ⓛ হিমালয়, আল্পস, রকি
ⓜ হিমালয়, রকি, বিন্দা
ⓝ আল্পস, হেনরী, ফুজিয়ামা **উ.** ক

**ব্যাখ্যা :** ভঙ্গিল পর্বত রকি (Rocky Mountains), আগ্নেয় পর্বত ভিসুভিয়াস (Vesuvius) ও স্তূপ পর্বত ব্ল্যাক ফরেস্ট (Black Forest)।

**পর্বত (Mountains) :** সমুদ্র সমতল থেকে অন্তত ১,০০০ মিটার-এর অধিক উঁচু, সুবিস্তৃত, খাড়া ঢালবিশিষ্ট শিলাস্তূপকে পর্বত বলে। অপর দিকে, সমুদ্রপৃষ্ঠ থেকে ৬০০ থেকে ১,০০০ মিটার উঁচু, স্বল্প বিস্তৃত শিলাস্তূপকে পাহাড় বলে।

উৎপত্তিগত বৈশিষ্ট্য ও গঠন প্রকৃতির ভিত্তিতে পর্বত প্রধানত চার প্রকার। যথা–
১. ভঙ্গিল পর্বত (Fold Mountains)
২. আগ্নেয় পর্বত (Volcanic Mountains)
৩. চ্যুতি-স্তূপ পর্বত (Fault-block Mountains)
৪. ল্যাকোলিথ পর্বত (Dome/Laccolith Mountains)

**ভঙ্গিল পর্বত :** পাললিক শিলাস্তর আনুভূমিক আলোড়ন বা মহাদেশীয় পর্বতের সংকোচনের ফলে কুঞ্চিত হয়ে ঢেউয়ের আকারে যে পর্বত সৃষ্টি হয় তাকে ভঙ্গিল পর্বত বলে। যেমন– এশিয়ার হিমালয়, দক্ষিণ আমেরিকার আন্দিজ, উত্তর আমেরিকার রকি এবং ইউরোপের আল্পস পর্বতমালা।

**আগ্নেয় পর্বত (Volcanic Mountain) :** আগ্নেয় পর্বত আগ্নেয়গিরি থেকে উদগিরিত পদার্থ সঞ্চিত ও জমাট বেঁধে আগ্নেয় পর্বত সৃষ্টি হয়। একে সঞ্চয়জাত পর্বতও বলে। এই পর্বত সাধারণত মোচাকৃতির (Conical) হয়ে থাকে।

আগ্নেয় পর্বতের উদাহরণ হলো– ইতালির ভিসুভিয়াস, কেনিয়ার কিলিমানজারো, জাপানের ফুজিয়ামা এবং ফিলিপাইনের পিনাটুবো পর্বত।

**চ্যুতি-স্তূপ পর্বত :** ভূআলোড়নের সময় ভূপৃষ্ঠের শিলাস্তরে প্রসারণ এবং সংকোচনের সৃষ্টি হয়। এই প্রসারণ এবং সংকোচনের জন্য ভূত্বকে ফাটলের সৃষ্টি হয়। কালক্রমে এ ফাটল বরাবর ভূত্বক ক্রমে স্থানচ্যুত হয়। ভূগোলের ভাষায় একে চ্যুতি বলে। ভূত্বকের এ স্থানচ্যুতি কোথাও উপরের দিকে হয়, আবার কোথাও নিচের দিকে হয়। চ্যুতির ফলে উঁচু হওয়া অংশকে স্তূপ পর্বত বলে।

ভারতের বিন্ধ্যা ও সাতপুরা পর্বত, জার্মানির ব্ল¨াক ফরেস্ট, পাকিস্তানের লবণ পর্বত চ্যুতি-স্তূপ পর্বতের উদাহরণ।

**ল্যাকোলিথ পর্বত :** পৃথিবীর অভ্যন্তর থেকে গলিত শিলা বা ম্যাগমা বিভিন্ন গ্যাসের দ্বারা স্থানান্তরিত হয়ে ভূপৃষ্ঠে বের হয়ে আসার চেষ্টা করে। কিন্তু কোনো কোনো সময় বাধা পেয়ে এগুলো ভূপৃষ্ঠের উপরে না এসে ভূত্বকের নিচে একস্থানে জমাট বাঁধে। ঊর্ধ্বমুখী চাপের কারণে সস্ফীত হয়ে ভূত্বকের অংশবিশেষ গম্বুজ আকার ধারণ করে। এভাবে সৃষ্ট পর্বতকে ল্যাকোলিথ পর্বত বলে ।
আমেরিকা যুক্তরাষ্ট্রের হেনরী পর্বত এর উদাহরণ।
*উৎস: ভূগোল ও পরিবেশ, নবম দশম শ্রেণি।*

BCS Job Solution

# সাধারণ বিজ্ঞান
# General Science

# ভৌত বিজ্ঞান

## পদার্থবিজ্ঞান সম্পর্কিত টপিকসমূহ

### ভৌত রাশি, পরিমাপ ও পদার্থ বিজ্ঞানের উন্নয়ন

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ০ | ৪৪তম | ০ | ৩৮তম | ০ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ০ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ০ | ৪১তম | ১ | ৩৫তম | ০ |
| ৪৬তম | ০ | ৪০তম | ১ | ১০ম-৩৪তম | ৯ |
| ৪৫তম | ১ | ৩৯তম | ০ | | |

১. **উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্রের নাম কী?** *[৪৫তম বিসিএস/ ২৩তম বিসিএস/২২তম বিসিএস]*

ⓚ ট্যাকোমিটার ⓛ অ্যালটিমিটার
ⓜ ওডোমিটার ⓝ অডিওমিটার **উ.** ক

**ব্যাখ্যা :** উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্রের নাম হলো ট্যাকোমিটার।

অন্যদিকে,

➲ **অ্যালটিমিটার :** উচ্চতা নির্ণায়ক যন্ত্র

➲ **ওডোমিটার :** মোটর গাড়ি কর্তৃক অতিক্রান্ত দূরত্ব পরমাপক যন্ত্র।

➲ **অডিওমিটার :** শব্দের তীব্রতা পরিমাপক যন্ত্র।

**নিম্নে কয়েকটি পরিমাপক যন্ত্র ও তাদের কাজের বিবরণের ছক দেওয়া হলো–**

| যন্ত্রের নাম | ব্যবহার |
|---|---|
| অ্যানিমোমিটার | বাতাসের গতিবেগ পরিমাপক যন্ত্র |
| স্পিডোমিটার | মোটরগাড়ির দ্রুতি নির্ণায়ক যন্ত্র |
| ফ্যাদোমিটার | সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র |

| যন্ত্রের নাম | ব্যবহার |
|---|---|
| হাইড্রোফোন | পানির তলায় শব্দ নির্ণায়ক যন্ত্র |
| হাইড্রোমিটার | তরলের আপেক্ষিক গুরুত্ব বা ঘনত্ব নির্ণায়ক যন্ত্র |
| ল্যাক্টোমিটার | দুধের বিশুদ্ধতা নির্ণায়ক যন্ত্র |
| ক্যালরিমিটার | তাপ পরিমাপক যন্ত্র |
| থার্মোমিটার | উষ্ণতা/তাপমাত্রা পরিমাপক যন্ত্র |
| মাইক্রোমিটার (স্ক্রু গজ) | তারের ব্যাসার্ধ, সরু চোঙ এর ব্যাসার্ধ ও ছোট দৈর্ঘ্য পরিমাপক যন্ত্র |
| ব্যারোমিটার | বায়ুমণ্ডলের চাপ নির্ণায়ক যন্ত্র |
| ম্যানোমিটার | গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র |
| ক্রোনোমিটার | সমুদ্রের দ্রাঘিমা পরিমাপক যন্ত্র |
| ক্রেসকোগ্রাফ | উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র |
| সেক্সট্যান্ট | সূর্য ও অন্যান্য গ্রহের কৌণিক উন্নতি পরিমাপক যন্ত্র |
| সিসমোগ্রাফ | ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র |
| রিখটার স্কেল | ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র |

BCS Job Solution

# কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি
(Computer & Information Technology)

## কম্পিউটার (Computer)

### কম্পিউটারের অঙ্গসংগঠন ও পেরিফেরালস

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ২ | ৪৪তম | ২ | ৩৮তম | ২ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ৩ | ৩৭তম | ২ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ৬ |
| ৪৭তম | ৪ | ৪১তম | ০ | ৩৫তম | ৫ |
| ৪৬তম | ২ | ৪০তম | ৩ | ১০ম-৩৪তম | ১ |
| ৪৫তম | ৩ | ৩৯তম | ০ | | |

**১. OCR — থেকে — এ রূপান্তরের জন্য ব্যবহার করা হয়।** *[৫০তম বিসিএস]*

ⓚ অডিও হতে টেক্সট ⓛ ইমেজ হতে টেক্সট
ⓜ ভিডিও হতে টেক্সট ⓝ বাইনারি হতে ডেসিমেল **উ.** খ

**ব্যাখ্যা :** OCR (Optical Character Recognition) প্রযুক্তি ইমেজ থেকে টেক্সটে রূপান্তর করার জন্য ব্যবহৃত হয়। এটি মূলত স্ক্যান করা ডকুমেন্ট, ছবি বা স্ক্রিনশটের মধ্যে থাকা অক্ষর চিনে নিয়ে তা সম্পূর্ণ সম্পাদনযোগ্য টেক্সটে পরিণত করে।

উদাহরণস্বরূপ– কোনো স্ক্যান করা পেপার ডকুমেন্ট যদি PDF বা JPG ফরম্যাটে থাকে, OCR সফটওয়্যার সেই ছবির অক্ষরগুলো চিনে তা Word বা Text ফাইলের আকারে প্রদান করতে পারে।

এটি ডেটা এন্ট্রি, ডিজিটাল আর্কাইভিং, স্বয়ংক্রিয় ফর্ম পূরণ এবং অগণিত প্রশাসনিক কাজকে সহজ করে।

**OCR (Optical Character Reader/ Recognition) :** OCR মূলত একটি ইনপুট ডিভাইস হিসেবে ব্যবহৃত হয়। এটি একটি স্ক্যানিং ও তুলনামূলক প্রযুক্তি, যা প্রিন্ট করা লেখা স্বয়ংক্রিয়ভাবে শনাক্ত করতে পারে। সাধারণত OCR বিভিন্ন আকারের দাগ, চিহ্ন এবং সব ধরনের আলফানিউমেরিক ক্যারেক্টার পড়তে পারে। মুদ্রিত লেখা সরাসরি ইনপুট নেয়ার জন্য OCR ব্যবহৃত হয়। এটি এমনভাবে তৈরি করা হয়েছে যে শুধুমাত্র ছাপার লেখা নয়, হাতের লেখা পর্যন্ত পড়তে পারে।

OCR এর কার্যপ্রণালী মূলত OCR সফটওয়্যারের মাধ্যমে সম্পাদিত হয়। এ ক্ষেত্রে OCR যন্ত্রটি প্রথমে ডকুমেন্টের বিটম্যাপ ইমেজ তৈরি করে। অতঃপর OCR সফটওয়্যার সেগুলোকে ASCII টেক্সটে রূপান্তরিত করে, ফলে কম্পিউটার বিভিন্ন অক্ষর, বর্ণ, সংখ্যা এবং বিশেষ ক্যারেক্টার চিনতে পারে।

*উৎস:*
*১. মৌলিক কম্পিউটার শিক্ষা, বিবিএ প্রোগ্রাম, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।*
*২. ব্রিটানিকা।*

**২. 'Pixel' দ্বারা কী বুঝায়?** *[৫০তম বিসিএস]*

ⓚ Pixie land ⓛ Person length
ⓜ Pixure length ⓝ Picture element **উ.** ঘ

**ব্যাখ্যা :** 'Pixel' শব্দটি Picture Element -এর সংক্ষিপ্ত রূপ। এটি ডিজিটাল ছবি বা স্ক্রিনে প্রদর্শিত সবচেয়ে ছোট একক। একটি ছবি অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র পিক্সেল দিয়ে গঠিত হয় এবং প্রতিটি পিক্সেল নির্দিষ্ট রঙ ও উজ্জ্বলতার তথ্য বহন করে। স্ক্রিনে যত বেশি পিক্সেল থাকে, ছবি তত বেশি স্পষ্ট ও

BCS Job Solution

# গাণিতিক যুক্তি
# Mathematical Reasoning

## পাটিগণিত

### বাস্তব সংখ্যা, গড়, ভগ্নাংশ, ল.সা.গু. ও গ.সা.গু.

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ১ | ৪৪তম | ০ | ৩৮তম | ০ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ১ | ৩৭তম | ০ |
| ৪৮তম | ১ | ৪২তম | ০ | ৩৬তম | ১ |
| ৪৭তম | ১ | ৪১তম | ১ | ৩৫তম | ২ |
| ৪৬তম | ২ | ৪০তম | ৩ | ১০ম-৩৪তম | ৫৪ |
| ৪৫তম | ০ | ৩৯তম | ২ | | |

১. **$\frac{2}{5}, \frac{3}{5}$ ও $\frac{6}{15}$ ভগ্নাংশগুলোর লঘিষ্ঠ সাধারণ গুণিতক (ল.সা.গু) হবে–** *[৫০তম বিসিএস]*

ক $\frac{7}{5}$ খ $\frac{6}{5}$ গ $\frac{1}{15}$ ঘ $\frac{6}{15}$ **উ.** খ

**সমাধান :** আমরা জানি,

ভগ্নাংশের ল.সা.গু = $\frac{\text{লবগুলোর ল.সা.গু}}{\text{হরগুলোর গ.সা.গু}}$

এখন,

ভগ্নাংশগুলোর লব (2, 3, 6) এর ল.সা.গু = 6

ভগ্নাংশগুলোর হর (5, 5, 15) এর গ.সা.গু = 5

∴ ভগ্নাংশগুলোর ল.সা.গু = $\frac{6}{5}$

অতএব, $\frac{2}{5}, \frac{3}{5}$ ও $\frac{6}{15}$ ভগ্নাংশগুলোর লঘিষ্ঠ সাধারণ গুণিতক (ল.সা.গু) হবে $\frac{6}{5}$ ।

২. **$\sqrt{\frac{9}{4}}$ সংখ্যাটি–** *[৪৮তম বিসিএস]*

ক স্বাভাবিক সংখ্যা খ মূলদ সংখ্যা
গ অমূলদ সংখ্যা ঘ জটিল সংখ্যা **উ.** খ

**সমাধান : স্বাভাবিক সংখ্যা :** ১ থেকে শুরু করে সকল ধনাত্মক পূর্ণ সংখ্যাকে স্বাভাবিক সংখ্যা বলে। যেমন: ১, ২, ৩, ... ইত্যাদি।

**মূলদ সংখ্যা :** যে সকল সংখ্যাকে দুইটি অখণ্ড সংখ্যা p ও q এর অনুপাত $\frac{p}{q}$ রূপে প্রকাশ করা যায় সেগুলোকে মূলদ সংখ্যা বলে। শূন্য, স্বাভাবিক সংখ্যা, প্রকৃত ভগ্নাংশ, অপ্রকৃত ভগ্নাংশ অর্থাৎ সাধারণ ভগ্নাংশ সবই মূলদ সংখ্যা। যেমন: $\frac{3}{2}, \frac{3}{4}$, 1.3333... ইত্যাদি।

**অমূলদ সংখ্যা :** যে সকল সংখ্যাকে $\frac{p}{q}$ আকারে প্রকাশ করা যায় না অর্থাৎ সাধারণ ভগ্নাংশ আকারে লেখা যায় না এবং পূর্ণবর্গ নয় এমন সকল স্বাভাবিক সংখ্যার বর্গমূলকে অমূলদ সংখ্যা বলে। যেমন: $\sqrt{2}, \sqrt{3}, \pi$ ... ইত্যাদি।

**জটিল সংখ্যা :** জটিল সংখ্যা হলো সেই সংখ্যা যেখানে একটি বাস্তব অংশ এবং একটি কাল্পনিক অংশ থাকে। যেমন: 2 + 3i।

এখন, $\sqrt{\frac{9}{4}} = \frac{\sqrt{9}}{\sqrt{4}} = \frac{3}{2}$ = 1.5 যা একটি মূলদ সংখ্যা। কারণ সখ্যাটিকে দুইটি অখণ্ড সংখ্যা 3 ও 2 এর অনুপাত রূপে প্রকাশ করা যায়।

BCS Job Solution

# মানসিক দক্ষতা
# Mental Ability

## ভাষাগত যৌক্তিক বিচার (Verbal Reasoning)

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ২ | ৪৪তম | ৪ | ৩৮তম | ২ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ৭ | ৩৭তম | ৩ |
| ৪৮তম | ১ | ৪২তম | ৩ | ৩৬তম | ০ |
| ৪৭তম | ৪ | ৪১তম | ৩ | ৩৫তম | ৩ |
| ৪৬তম | ৩ | ৪০তম | ১ | ১০ম-৩৪তম | ৩ |
| ৪৫তম | ২ | ৩৯তম | ১ | | |

**১. একটি বাক্সের মধ্যে একটি পেন্সিল আছে। বাক্সটি একটি তাকের উপরে অবস্থান করছে। তাকটি জানালার নিচে অবস্থান করছে। তাহলে নিচের কোন বাক্যটি উপরের বর্ণনার জন্য প্রযোজ্য হবে?** *[৫০তম বিসিএস]*

ⓐ পেন্সিলটি জানালার নিচে আছে
ⓑ পেন্সিলটি জানালার উপরে আছে
ⓒ পেন্সিলটি জানালার মধ্যে অবস্থান করছে
ⓓ বাক্সটি পেন্সিলের নিচে অবস্থান করছে **উ. ক**

**ব্যাখ্যা :** বর্ণনা অনুযায়ী অবস্থানের ক্রম হলো:
১. সবার উপরে আছে জানালা।
২. জানালার নিচে তাকটি অবস্থিত।
৩. তাকের উপরে বাক্সটি অবস্থিত।
৪. বাক্সের মধ্যে পেন্সিলটি অবস্থিত।

যেহেতু তাকটি জানালার নিচে এবং পেন্সিলটি সেই তাকের উপরের বাক্সে আছে, তাই যুক্তিগতভাবে পেন্সিলটিও জানালার নিচেই অবস্থিত।

**২. কোনটি মানুষকে লক্ষ্যবস্তুর দিকে পরিচালিত করে?** *[৫০তম বিসিএস]*

ⓐ প্রয়োজন ⓑ প্রেষণা
ⓒ ইচ্ছা ⓓ শারীরিক শক্তি **উ. খ**

**ব্যাখ্যা :** 'প্রেষণা' মানুষকে লক্ষ্যবস্তুর দিকে পরিচালিত করে।

**প্রেষণা :** মনোবিজ্ঞানে প্রেষণা শব্দটিকে অত্যন্ত ব্যাপক অর্থে গ্রহণ করা হয়ে থাকে। প্রেষণা এমন একটি অবস্থাকে বুঝায় যা মানুষকে কোন আচরণ করতে উদ্বুদ্ধ করে থাকে বা তাকে ঐ আচরণের দিকে চালিত করে। আমাদের চাহিদা বা অভাববোধ থেকে মনের ভেতরে বা বাহিরে চাপ সৃষ্টি হয় এবং তার ফলে কোন লক্ষ্য অর্জনের জন্য মনে যে তাড়না, নোদনা বা উদ্যম সৃষ্টি হয় তাকেই প্রেষণা বা "Motivation বলা হয়।

● ই. হাল বলেন, "প্রেষণা হল উদ্দেশ্য হাসিলের ক্রমাগত প্রচেষ্টা"।

● ক্রাইডার ও অন্যান্যের ভাষায়, "আকাঙ্ক্ষা, প্রয়োজন এবং আগ্রহ যা একটি প্রাণীকে সক্রিয় করে তোলে এবং নির্দিষ্ট লক্ষ্যবস্তুর দিকে পরিচালিত করে তাই প্রেষণা"।

**প্রেষণা চক্র (Motivation Cycle) :** প্রেষণা হচ্ছে একটি গতিশীল অবস্থা (Dynamic State) । এই অবস্থায় উদ্দেশ্য লাভের জন্য তীব্র আকাক্ষা বা অনুরাগ বা ইচ্ছার উদয় হয় এবং যতক্ষণ পর্যন্ত অভীষ্ট সিদ্ধ না হবে ততক্ষণ পর্যন্ত এই গতীয় অবস্থা চলতে থাকে। প্রেষণা চক্রের আকারে আবর্তিত হয়। প্রেষণা চক্র বিশ্লেষণ করলে নিম্নলিখিত স্তরগুলো পাওয়া যায়।

(১) অভাববোধ (Need)
(২) তাড়না (Drive)
(৩) করণ আচরণ (Instrumental Behavior)
(৪) উদ্দেশ্য সাধন (Goal)

*উৎস: ১. Philosophical and Psychological Foundation of Education, স্কুল অব এডুকেশন, এমএড প্রোগ্রাম, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।*
*২. প্রেষণা ও আবেগ, চতুর্থ অধ্যায়, মনোবিজ্ঞান প্রথম পত্র, প্রফেসর যোগেন্দ্র কুমার মন্ডল।*

BCS Job Solution

# নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন
## (Ethics, Values & Good Governance)

## নৈতিকতা

| বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা | বিসিএস | প্রশ্ন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ৫০তম | ১ | ৪৪তম | ৩ | ৩৮তম | ১ |
| ৪৯তম | ০ | ৪৩তম | ৪ | ৩৭তম | ২ |
| ৪৮তম | ০ | ৪২তম | ০ | ৩৬তম | ৩ |
| ৪৭তম | ৩ | ৪১তম | ৩ | ৩৫তম | ২ |
| ৪৬তম | ২ | ৪০তম | ১ | | |
| ৪৫তম | ২ | ৩৯তম | ০ | | |

**১. শাসন ব্যবস্থায় মূল্যবোধ প্রাতিষ্ঠানিক করার সবচেয়ে কার্যকর কৌশল কোনটি?** *[৫০তম বিসিএস]*
ⓚ ঘন ঘন আইনের সংস্কার
ⓛ নিয়মিত বেতন বৃদ্ধি
ⓜ নৈতিক শিক্ষা ও প্রাতিষ্ঠানিক শিক্ষার সমন্বয়
ⓝ আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ বৃদ্ধি **উ.** গ

**ব্যাখ্যা :** শাসন ব্যবস্থায় মূল্যবোধ প্রাতিষ্ঠানিক করার সবচেয়ে কার্যকর কৌশল– নৈতিক শিক্ষা ও প্রাতিষ্ঠানিক শিক্ষার সমন্নয়।

**শাসন ব্যবস্থায় মূল্যবোধ প্রাতিষ্ঠানিক করার সবচেয়ে কার্যকর কৌশল :** মূল্যবোধ হলো মানুষের আচরণের সামাজিক মাপকাঠি এবং আচরণ পরিচালনাকারী নীতি ও মানদন্ড।

শিষ্টাচার, সততা, আইনের শাসন, সহমর্মিতা, শৃঙ্খলাবোধ, সরকার ও রাষ্ট্রের কল্যাণমুখিতা, নাগরিক সচেতনতা ও কর্তব্যবোধ এবং স্বচ্ছতা ও জবাবদিহির সমষ্টিগত রূপই হলো মূল্যবোধ।

শাসন ব্যবস্থায় মূল্যবোধকে প্রাতিষ্ঠানিক করার অর্থ হলো সেগুলোকে শুধু বাহ্যিক নিয়ম বা শাস্তির ভয়ে নয়, বরং অভ্যন্তরীণভাবে গ্রহণযোগ্য ও স্থায়ী করে তোলা। এর জন্য সবচেয়ে কার্যকর উপায় হলো নৈতিক শিক্ষা এবং প্রাতিষ্ঠানিক শিক্ষার সমন্বয়।

মানুষের কল্যাণে নিজের দায়িত্ব ও কর্তব্য পালন করার নামই নৈতিক শিক্ষা। সেই সঙ্গে অপরাধ না করা এবং পাপ কাজ থেকে নিজেকে বিরত রাখার নামই নৈতিকতা। আত্মসংযম ও অন্যের মঙ্গল ভাবনাই নৈতিক শিক্ষার অন্যতম বৈশিষ্ট্য।

অন্যদিকে, প্রাতিষ্ঠানিক শিক্ষা হলো একটি সুশৃঙ্খল, কাঠামোগত এবং পর্যায়ক্রমিক জ্ঞান অর্জনের প্রক্রিয়া যা নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান যেমন স্কুল, কলেজ, মাদ্রাসা বা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের তত্ত্বাবধানে পরিচালিত হয়।

নৈতিক শিক্ষা এবং প্রাতিষ্ঠানিক শিক্ষার সমন্বয়ের মাধ্যমেই শাসন ব্যবস্থায় মূল্যবোধ প্রাতিষ্ঠানিক করা যায়।

এছাড়াও, শাসন ব্যবস্থায় মূল্যবোধ প্রাতিষ্ঠানিক করার সবচেয়ে কার্যকর কৌশল হলো জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও তার কঠোর বাস্তবায়ন। এটি সততা, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং আইনের শাসন নিশ্চিত করার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করে।

*উৎস: i) Transparency International Bangladesh ওয়েবসাইট।*
*ii) পৌরনীতি ও সুশাসন ১ম পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি, মোঃ মোজাম্মেল হক।*
*iii) যুগান্তর পত্রিকা।*

**২. নিচের কোনটি পেশাগত নৈতিকতার উপাদান?** *[৪৭তম বিসিএস]*
ⓚ স্বজনপ্রীতি ⓛ সাম্প্রদায়িকতা
ⓜ দরিদ্রতা ⓝ দক্ষতা **উ.** ঘ

**ব্যাখ্যা :** পেশাগত নৈতিকতার উপাদান দক্ষতা। স্বজনপ্রীতি, সাম্প্রদায়িকতা, দরিদ্রতা পেশাগত নৈতিকতার উপাদান নয়। পেশাগত নৈতিকতার উপাদানগুলোর মধ্যে সততা, স্বচ্ছতা, দায়বদ্ধতা, পেশাগত চেতনা, এবং দায়িত্বশীলতা অন্যতম, যা পেশাগত জ্ঞান ও দক্ষতার সঠিক ব্যবহার নিশ্চিত করে এবং জনসাধারণের আস্থা ও সেবার মান উন্নত করে।

# ৩৫-৩৭তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন

## ৪৭তম বিসিএস লিখিত প্রশ্ন

### বাংলা

**বিষয় কোড: ০০১**

**নির্ধারিত সময়: ৩ ঘণ্টা; পূর্ণমান: ১০০**

*[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]*

১. নিচের প্রশ্নগুলোর উত্তর দিন। ৬ × ৫ = ৩০

(ক) শব্দের সঙ্গে যুক্ত বিভিন্ন ধরনের অর্থহীন শব্দাংশ, যেমন– বলক, পদাশ্রিত নির্দেশক, বচনের চিহ্ন, বিভক্তি ইত্যাদির পরিচয় দিন।

(খ) শব্দগুলো প্রমিত বানানে লিখুন এবং ভুলের কারণ নির্দেশ করুন:

অত্যান্ত, মনযোগ, পদাবলী, অংক, রূপা, বন্টন।

(গ) অংশটুকু সম্পাদনা করে লিখুন:

গীতাঞ্জলী রবী ঠাকুরের গানের সঙ্কলন, যেটি ১৯১০ সালে প্রকাশিত হয়। এই কাব্যের কবির আধাত্ম ভাবের প্রতিফলন ঘটেছে। গানগুলো যে সময়ে রচনা হয়, তাঁর কয়েক বছর আগে কবি তার কয়েকজন ঘনিষ্ট আত্মিয়কে হারান। কবির মর্মবেদনা তাঁর দর্শন ও ধর্মচিন্তার সঙ্গে একাত্ব হয়ে স্ফূরিত গানের রূপ লাভ করিয়াছে।

(ঘ) প্রবাদগুলোর অর্থ লিখে বাক্যে প্রয়োগ করুন:

খালি কলসি বাজে বেশি, শাক দিয়ে মাছ ঢাকা, গরু মেরে জুতো দান, যতনে রতন মেলে, পচা শামুকে পা কাটা, অনুরোধে ঢেঁকি গেলা।

(ঙ) সরল, জটিল ও যৌগিক বাক্যের পরিচয় দিন এবং এদের পারস্পরিক রূপান্তর দেখান।

২. ভাব-সম্প্রসারণ করুন: ২০

"আত্মাকে যে জাগাতে পারে,
বিশ্ব তারই কাছে উন্মোচিত হয়।"

৩. সারাংশ লিখুন: ২০

সুতরাং দেখা যায় কন্যাকে এরূপ শিক্ষা দেওয়া হয় না, যাহাতে সে স্বামীর ছায়াতুল্য্য সহচরী হইতে পারে। প্রভুদের বিদ্যার গতির সীমা নাই, স্ত্রীদের বিদ্যার দৌড় সচরাচর 'বোধোদয়' পর্যন্ত।

স্বামী যখন পৃথিবী হইতে সূর্য ও নক্ষত্রের দূরত্ব মাপেন, স্ত্রী তখন একটা বালিশের ওয়াড়ের দৈর্ঘ্য প্রস্থ (সেলাই কঁরিবার জন্য) মাপেন! স্বামী যখন কল্পনা-সাহায্যে সুদূর আকাশে গ্রহনক্ষত্রমালা-বেষ্টিত সৌরজগতে বিচরণ করেন, সূর্যমণ্ডলের ঘনফল তুলাদণ্ডে ওজন করেন এবং ধূমকেতুর গতি নির্ণয় করেন, স্ত্রী তখন রন্ধনশালায় বিচরণ করেন, চাউল ডাল ওজন করেন এবং রাঁধুনির গতি নির্ণয় করেন। বলি জ্যোতির্বেত্তা মহাশয়, আপনার পার্শ্বে আপনার সহধর্মিনী কই? বোধ হয়, গৃহিণী যদি আপনার সঙ্গে সূর্যমণ্ডলে যান, তবে তথায় পঁহুছিবার পূর্বেই পথিমধ্যে উত্তাপে বাষ্পীভূত হইয়া যাইবেন। তবে সেখানে গৃহিনীর না যাওয়াই ভালো!!

৪. নিচের প্রশ্নগুলোর উত্তর দিন: ৬ × ৫ = ৩০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যের বৈশিষ্ট্য ও প্রবণতা লিখুন।

(খ) বাংলা পাঠ্যপুস্তক রচনায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা আলোচনা করুন।

(গ) মীর মশাররফ হোসেনের সাহিত্যকৃতির পরিচয় দিন।

(ঘ) ছড়া, কবিতা, গান ও লোকগানের পার্থক্য লিখুন।

(ঙ) বাংলাদেশের কাব্যধারায় শামসুর রাহমান ও আল মাহমুদের অবদান মূল্যায়ন করুন।

### বাংলা

**বিষয় কোড : ০০২**

**নির্ধারিত সময় : ৪ ঘণ্টা; পূর্ণমান : ২০০**

*[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]*

১. নিচের প্রশ্নগুলোর উত্তর দিন। ৬ × ৫ = ৩০

(ক) শব্দগুলো কোন উপায়ে গঠিত লিখুন এবং গঠনরূপ ভেঙে দেখান:

মায়াবী, বিশ্বাসযোগ্য, উদ্ধার, প্রত্যেক, জলবায়ু, মতলববাজ।

(খ) বাংলা বানানে শ, ষ, স ব্যবহারের রীতি উল্লেখ করুন।

(গ) বাক্যে কী কী ধরনের ভুল হয়ে থাকে উদাহরণসহ লিখুন।

(ঘ) প্রবাদগুলো শুদ্ধ করে লিখুন:

(i) ওকে দিয়ে কোনো কাজই হবে না, ও একটা কলুর বলদ।

(ii) আমি জানতাম তার এই দুর্গতিই হবে, কথায় বলে না- আঙুল ফুলে কলাগাছ!

(iii) এভাবে বসন্তের কোকিলের মতো ঘুরো না, সামনেই কিন্তু চূড়ান্ত পরীক্ষা।

(iv) ছোট একটা তদন্তে হাত দিয়েছিলাম, এখন দেখছি সাপের পাঁচ পা বেরিয়ে গেল!

(v) ওর এই বিনয় দেখে ভুলো না, জানোই তো ধরি মাছ না ছুঁই পানি।

(vi) এমন সময়ে এই সংবাদ শুনব ভাবতেও পারছি না, ব্যাপারটা যত গর্জে তত বর্ষে না এর মতো।

(ঙ) বন্ধনীর নির্দেশ অনুযায়ী বাক্য রূপান্তর করুন:

(i) এই বাড়িতেই তিনি থাকতেন। (জটিল)

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

১৮ লাখ+
ব্যবহারকারীর আস্থা!

Live MCQ™ বাংলাদেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির অনলাইন প্ল্যাটফর্ম ও ক্যারিয়ার পরামর্শক। 'সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি'- এই মূলমন্ত্রকে সামনে রেখে ২০১৭ সাল থেকে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে Live MCQ™ বর্তমানে ১৮ লাখের বেশি ব্যবহারকারীর আস্থা।

## চাকরির প্রস্তুতিতে Live MCQ™ কেন প্রয়োজন?

প্রতিযোগিতামূলক Live পরীক্ষার ধারণা নিয়ে যাত্রা শুরু করে Live MCQ™ বর্তমানে দেশের প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির সবচেয়ে বড় অনলাইনভিত্তিক প্ল্যাটফর্ম। Live প্রতিযোগিতামূলক পরীক্ষার পাশাপাশি এখন Live MCQ™ অ্যাপে রয়েছে ক্লাস, স্টাডি ম্যাটেরিয়ালস্, পড়াশোনা সহায়ক অসংখ্য প্রিমিয়াম ফিচার, অথেনটিক রেফারেন্স থেকে ব্যাখ্যাসহ সবচেয়ে বড় প্রশ্ন ব্যাংক, সার্বক্ষণিক মেন্টর সাপোর্ট ইত্যাদি — যা আপনার প্রস্তুতিকে করবে পরিপূর্ণ।

## Live MCQ™ -এর সুবিধা ও বৈশিষ্ট্যসমূহ:

**১. প্রতিযোগিতামূলক Live পরীক্ষা:** বাংলাদেশের প্রায় সকল চাকরির প্রিলিমিনারি পরীক্ষা প্রতিযোগিতামূলক। শুধু একটি নির্দিষ্ট মার্কস পেলেই পাস নয়, বরং কাট মার্ক অর্জন করতে হয়। এই কাট মার্ক অর্জনে পরীক্ষাভেদে প্রথম ৫ % থেকে ১০%-এর মধ্যে থাকতে হবে। আর সেজন্য মূল পরীক্ষার আগে প্রতিযোগিতামূলক লাইভ পরীক্ষার বিকল্প নেই। Live MCQ™ আপনাকে হাজারো প্রকৃত প্রতিযোগীর সাথে পরীক্ষা দিয়ে নিজের প্রস্তুতি যাচাই করার সেই সুযোগ করে দিয়েছে।

**২. ভিডিয়ো ক্লাস ও তথ্যবহুল স্টাডি ম্যাটেরিয়ালস্:** Live MCQ™-তে বর্তমানে বিসিএস, প্রাইমারি, NTRCA সহ সকল ধরনের চাকরির প্রস্তুতির জন্য বর্তমানে ১২০০-এর বেশি Video Class ও ২০০০-এর বেশি PDF রয়েছে, যার সংখ্যা প্রতিনিয়তই বৃদ্ধি পাচ্ছে।

**৩. নির্ভুল ব্যাখ্যাসহ বিশাল প্রশ্ন ব্যাংক:** আর্কাইভ বাটনগুলোতে Live MCQ™-এর আগের সকল পরীক্ষার প্রায় ৫.২ লাখ+ Exclusive MCQ এবং রেফারেন্সযুক্ত ব্যাখ্যাসহ প্রশ্ন ব্যাংক রয়েছে।

**৪. স্টাডি সহায়ক অসংখ্য প্রিমিয়াম ফিচার:** Live MCQ™-এ স্মার্ট সার্চ, টপিক গুরু, টপিকভিত্তিক জব সল্যুশন, ফ্যাকাল্টিভিত্তিক জব সল্যুশন, কুইজ মাস্টার, ডাইনামিক প্যানেল, Audio Player, Multiplayer কুইজ গেইমসহ রয়েছে অসংখ্য প্রিমিয়াম ফিচার।

**৫. সার্বক্ষণিক মেন্টর সাপোর্ট ও ক্যারিয়ার কনসালটেন্সি।**

এরই ধারাবাহিকতায় বর্তমানে যুক্ত হয়েছে Live Publications™-এর বই। চাকরিপ্রার্থীদের প্রস্তুতির জন্য সকল সেবা নিশ্চিত করতে আমাদের প্রায় ১৫০ জন টিম মেম্বার যৌথভাবে কাজ করে যাচ্ছে।

## Live MCQ™ -এর প্রস্তুতি প্রোগ্রামসমূহ:

- বিসিএস (জেনারেল ও স্পেশাল)
- ব্যাংক নিয়োগ
- প্রাথমিক শিক্ষক নিয়োগ
- শিক্ষক নিবন্ধন (NTRCA)
- ৯ম - ১৩তম গ্রেডের চাকরির প্রস্তুতি
- ১৪তম - ২০তম গ্রেডের চাকরির প্রস্তুতি
- বার কাউন্সিল প্রস্তুতি
- বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস ইত্যাদি

ঘরে বসেই দেশের প্রথম ও সর্ববৃহৎ প্রতিযোগিতামূলক চাকরি প্রস্তুতির প্ল্যাটফর্মে হাজারো পরীক্ষার্থীর সাথে বিসিএস, ব্যাংক, প্রাথমিক শিক্ষক নিয়োগ, NTRCA-সহ সকল নিয়োগ পরীক্ষার প্রস্তুতি নিতে Live MCQ™ অ্যাপ ইনস্টল করুন।

Google Play App Store Windows